

**পিরোজপুরে ১৭৬ জন প্রাথমিক শিক্ষক নিয়োগ  
পেয়েও কাজে যোগ দিতে পারছেন না**

পিরোজপুর অফিস ৥ জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃত্বে না থাকায় সাতটি উপজেলায় নতুন নিয়োগপ্রাপ্ত ১৭৬ জন শিক্ষক-শিক্ষিকা নিয়োগ আদেশ হাতে পেয়েও কাজে যোগ দিতে পারছেন না। জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে ২৫শে মে ১২০ জন সহকারী শিক্ষিকা ও ৫৬ জন সহকারী শিক্ষককে সদর, জিয়ানগর, ভাওরিয়া, মঠবাড়িয়া, কাউখালী, নেজারাবাদ ও নাজিরপুর উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে এক (১৪শ পৃঃ ড্রঃ)

**পিরোজপুরে ১৭৬ জন  
(৮ম পৃঃ পর)**

মাপের মধ্যে যোগদানের জন্য নিয়োগ আদেশ দেয়া হয়। এ আদেশে বলা হয়েছে "নিয়োগপ্রাপ্ত শিক্ষক-শিক্ষিকাকে সংশ্লিষ্ট বিদ্যালয়ে যোগদানের পূর্বে জেলা শিক্ষা অফিসারের কার্যালয়ে রিপোর্ট করে যোগদানের অনুরোধ গ্রহণ করতে হবে এবং যোগদানের অনুরোধ পাওয়ার পর প্রার্থীকে জেলা সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য সনদ উপজেলা শিক্ষা অফিসে পেশ করতে হবে। ১৬ জন শিক্ষক-শিক্ষিকা জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের অনুপস্থিতিতে তার দায়িত্বপ্রাপ্ত সদর উপজেলা শিক্ষা অফিসারের পরণাম হলেও তিনি তাদের যোগদানপত্র গ্রহণ বা অন্য করণীয় বিষয়ে কিছু করতে পারছেন না।